

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯৫
করবুক, ১৯ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
করবুক ব্লকের বিভিন্ন ভিলেজে ভ্রাম্যমান প্রচার গাড়ি**

বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি সম্প্রতি করবুক ব্লকের বিভিন্ন ভিলেজ পরিক্রমা করে। কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের সুবিধা সম্পর্কে জনসচেতনতা বাড়াতে এই ভ্রাম্যমান প্রচার গাড়ি ব্লকের যতনবাড়ি, লেবাছড়া, চেলাগাঙ, দক্ষিণ চেলাগাঙ, লাউগাঙ, পোয়াংবাড়ি, রামভদ্র, নিউ গোমতী, পশ্চিম মাণিক্য দেওয়ান ও পূর্ব মাণিক্য দেওয়ান ভিলেজ পরিক্রমা করেছে। পরিক্রমার সময় সংশ্লিষ্ট ভিলেজের নাগরিকদের বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা দেওয়া হয়। তাছাড়াও জনসাধারণের মধ্যে বিকশিত ভারত সংকল্প যাত্রার ক্যালেন্ডার ও বুকলেট বিতরণ করা হয়। অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন করবুক বিএসির চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস ও সংশ্লিষ্ট ভিলেজের ভিলেজ সেক্রেটারিগণ।
